



বাংলাদেশ ব্যাংক

(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)

প্রধান কার্যালয়

মতিবিল, ঢাকা-১০০০

বাংলাদেশ

ডিপার্টমেন্ট অব অফ-সাইট সুপারভিশন

ডিওএস সার্কুলার লেটার নং-১৭

০৫ জ্যৈষ্ঠ, ১৪২৭ বঙ্গাব্দ
তারিখ :

১৯ মে, ২০২০ খ্রিস্টাব্দ

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক।

প্রিয় মহোদয়,

তৈরী পোশাক শিল্পে কর্মরত শ্রমিক/কর্মচারী/কর্মকর্তাদের বেতন, বোনাস ও অন্যান্য ভাতাদি পরিশোধের সুবিধার্থে এবং রঞ্জনি বিল
ক্রয়ের লক্ষ্যে তফসিলি ব্যাংকের সংশ্লিষ্ট শাখাসমূহ আগামী ২২ ও ২৩ মে, ২০২০ তারিখ খোলা রাখা প্রসঙ্গে।

আসন্ন পরিত্র সৈদ-উল-ফিতরের পূর্বে তৈরি পোশাক শিল্পে কর্মরত শ্রমিক/কর্মচারী/কর্মকর্তাদের বেতন, বোনাস ও অন্যান্য ভাতাদি পরিশোধের সুবিধার্থে এবং রঞ্জনি বাণিজ্য সচল রাখার স্বার্থে অন্যান্য কার্যক্রমের পাশাপাশি সংশ্লিষ্ট ক্ষেত্রে রঞ্জনি বিল ক্রয়ের মাধ্যমে নগদ অর্থ প্রদানের লক্ষ্যে ঢাকা মহানগরী, আশুলিয়া, টঙ্গী, গাজীপুর, সাতার, ভালুকা, নারায়ণগঞ্জ ও চট্টগ্রামে অবস্থিত পোশাক শিল্প এলাকার তফসিলি ব্যাংকের পোশাক শিল্প সংশ্লিষ্ট শাখাসমূহ ও প্রধান কার্যালয়ের সংশ্লিষ্ট বিভাগসমূহ পর্যাপ্ত নিরাপত্তা নিশ্চিতকরণপূর্বক আগামী ২২ ও ২৩ মে, ২০২০ তারিখ রোজ শুক্রবার ও শনিবার নিম্নোক্ত সময়সূচী অনুযায়ী খোলা রাখাতে হবে;

| তারিখ | ব্যাংকিং লেনদেন সময়সূচী | ব্যাংকিং লেনদেন পরবর্তী অনুযায়ী কার্যক্রম সম্পাদনের সময়কাল |
|-----------------------------|-------------------------------------------------|-----------------------------------------------------------------|
| ২২ মে, ২০২০ রোজ শুক্রবার | সকাল ১০.০০ ঘটিকা হতে দুপুর ১২.০০ ঘটিকা পর্যন্ত | দুপুর ১.০০ ঘটিকা পর্যন্ত |
| ২৩ মে, ২০২০ রোজ শনিবার | সকাল ১০.০০ ঘটিকা হতে দুপুর ২.৩০ ঘটিকা পর্যন্ত * | দুপুর ৩.৩০ ঘটিকা পর্যন্ত |

*(বেলা ১.১৫ মিনিট হতে ১.৩০ মিনিট পর্যন্ত যোহরের নামাজের বিরতি)

০২। উল্লেখ্য, এক্ষেত্রে তফসিলি ব্যাংকের সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীগণ বাংলাদেশ ব্যাংকের বিআরপিডি সার্কুলার লেটার
নং-১৭/২০২০ ও ২৪/২০২০ অনুযায়ী ভাতাদি প্রাপ্ত হবেন।

০৩। উপযুক্ত কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ নির্দেশ জারি করা হলো।

আপনাদের বিশ্বস্ত,

(মোহাম্মদ আমিনুর রহমান চৌধুরী)

উপ মহাব্যবস্থাপক

ফোন নং : ৯৫৩০১১৩